# দৈনিক সংবাদ

তারিখ JUL. 1 5 1999
পৃষ্ঠা ১ কলাম ২

49

## বুয়েটের সব কার্যক্রম স্বাভাবিকভাবেই চলবে ঃ ভিসি

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন লেভেলের টার্ম ফাইনাল পরীক্ষা নির্দিষ্ট সময়ে অনুষ্ঠিত হবে। একাডেমিক কার্যক্রম স্বাভাবিকভাবেই চলবে।
মঙ্গলবার বুয়েটের উপাচার্য প্রফেসর নুরুদ্দিন আহমেদ 'সংবাদ'-এর সঙ্গে একথা বলেছেন।

বুয়েটের একাডেমিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলার জন্য উপাচার্য প্রফেসর নুরুদ্দিন আহমেদ সকলের সহযোগিতা কামনা করেছেন। প্রফেসর নুরুদ্দিন আহমেদ সংবাদকে আরও জানান, বুয়েট কর্তৃক গঠিত তদন্ত কমিটির রিপোর্ট সঠিক। একই সাথে বুয়েটের বোর্ড অফ রেসিডেন্স এন্ড ডিসিপ্লিন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী

বুয়েট ঃ পৃঃ ৭ কঃ ৫

## বুয়েট ঃ কার্যক্রম চলবে

( ১ম পৃষ্ঠার পর )

যাদেরকে শাস্তি দেয়া হয়েছে সেটাও সঠিক।

প্রফেসর নুরুদ্দিন আহমেদ আরও জানান, যে সকল শাস্তিপ্রাপ্ত ছাত্র একাডেমিক কাউন্সিলে শাস্তি কমানোর জন্য আপিল করেছে তা নাকচ হয়ে যায়। শাস্তিপ্রাপ্তরা ইচ্ছে করলে এখন আদালতের শরণাপন্ন হতে পারে। অথবা ৬ মাস বা ১ বছর পরে আবারও একাডেমিক কাউন্সিলে তাদের শাস্তির পরিমাণ কমানোর ব্যাপারে আপিল করতে পারবে।

সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ তাদের আন্দোলনের রূপরেখা তৈরির ব্যাপারে এখনও একমত হতে পারেনি।